

জগন্নাথ বিশ্ববিদ্যালয় নীলদলের প্রকাশনা 'চেতনায় চিরঞ্জীব বঙ্গবন্ধু' এর মোড়ক উন্মোচন



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় নীলদল কর্তৃক সম্পাদিত "চেতনায় চিরঞ্জীব বঙ্গবন্ধু" শীর্ষক স্মারক গ্রন্থটির মোড়ক উন্মোচন উপলক্ষ্যে আয়োজিত আজকের (১৪.০৯.২০২১) অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভারুয়ালি উপস্থিত থেকে গ্রন্থটির মোড়ক উন্মোচন করেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব আ. ক. ম. মোজাম্মেল হক (এমপি)।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় নীলদলের সভাপতি অধ্যাপক ড. জাকারিয়া মিয়া'র সভাপতিত্বে এ অনুষ্ঠানে আরো বক্তব্য দেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, অধ্যাপক ড. অরুন কুমার গোস্বামী, শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক মো. আশরাফ-উল-আলম।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স কক্ষে দুপুর দুই টায় এ অনুষ্ঠানটি আয়োজিত হয়।

নীলদলের সাধারণ সম্পাদক ড. মোস্তফা কামাল এর স্বাগত বক্তব্য ও দপ্তর সম্পাদক কাজী ফারুক হোসেন এর সঞ্চালনায় পরিচালিত এ অনুষ্ঠানে শিক্ষক সমিতির বর্তমান সভাপতি ও সাধারণ সম্পাদকসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।